দৈনিক আমাদের সময়

তারিখ 13 JUL 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

# নবাবগঞ্জে শিক্ষার্থীদের সততা স্টোর উদ্বোধন

নবাবগঞ্জ প্রতিনিধি •

ঢাকার নবাবগঞ্জের বেগম হাসিবা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে সততার আদর্শ গড়ে তুলতে দুর্নীতি দমন কমিশনের (দুদক) নিয়ন্ত্রণাধীন 'সততা স্টোর' উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৪টায় বিদ্যালয়ের সভাকক্ষে এ উপলক্ষে অনুষ্ঠান করা হয়। এতে সততা স্টোর উদ্বোধন করেন দুদকের ঢাকা বিভাগীয় কার্যালয়ের পরিচালক মো. নাসিম আনোয়ার। তিনি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

দুদকের নিয়ন্ত্রণাধীন নবাবগঞ্জ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি মানবেন্দ্র দত্ত এতে সভাপতিত্ব করেন। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক অজিত কুমার সাহা।

অনুষ্ঠানে বক্তারা বলেন, শিক্ষার্থীদের সৎ হতে বিদ্যালয়ে স্থাপিত সততা স্টোর থেকে শিক্ষাসামগ্রী ক্রয় করে নিজের সততা প্রতিষ্ঠা এবং ভবিষ্যতে সৎ মানুষ হয়ে গড়ে ওঠার আহ্বান জানান।

শিক্ষক রাধ্যেশ্যাম বাড়ৈয়ের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন দুদকের ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক আব্দুল কাদের ভূঁইয়া, নবাবগঞ্জ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সহসভাপতি সৈয়দ সামাদ আলমগীর, মাধুরী বণিক, দোহার উপজেলা সাধারণ সম্পাদক একলাল উদ্দিন, নবাবগঞ্জ উপজেলা সাধারণ সম্পাদক আখতার হোসেন, বিদ্যালয়ের দাতা সদস্য খন্দকার আবু হাসান সবুজ, সদস্য– জিয়া উদ্দিন আহমেদ, আব্দুল মালেক সিকদার, জহিরুল ইসলাম, বিপ্লব ঘোষ, রিপা সুজানা গমেজ প্রমুখ।